

সাধারণ শাখা
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।

ইউ.ও নোট

বিষয়: ২৭ সেপ্টেম্বর ২০২০ বিশ্ব পর্যটন দিবস উদযাপন উপলক্ষ্যে রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন প্রসঙ্গে।

সূত্র: ০১। বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের স্মারক নং: ৩০.৩৩.০০০০.২১১.৩৫.০০৪.১৯.৪৫৬;

তারিখ: ০৭ সেপ্টেম্বর ২০২০,

০২। মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং: ০৪.০০.০০০০.৫১২.৮২.৩০৩১.১৪.৪১৬; তারিখ: ০৬ সেপ্টেম্বর ২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্ব স্মারকের প্রেক্ষিতে, আগামী ২৭ সেপ্টেম্বর ২০২০ তারিখে জাতিসংঘের বিশ্ব পর্যটন সংস্থা (UNWTO) কর্তৃক ঘোষিত বিশ্ব পর্যটন দিবস উদযাপিত হবে। বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে বাংলাদেশ টুরিজম বোর্ড কর্তৃক বাংলাদেশে প্রতি বছরের নতুন এ বছরও জাতীয় পর্যায়ে দিবসটি উদযাপন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ বছরের বিশ্ব পর্যটন দিবসের মূল প্রতিপাদ্য হচ্ছে "Tourism and Rural Development"। দিবসটি ঢাকাসহ সারাদেশে স্বাস্থ্যবিধি অনুসরণ করে পালন করার লক্ষ্যে জেলা পর্যায়ের কর্মসূচির অংশ হিসেবে সকল জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক পর্যটন সম্পর্কিত রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার জন্য পুরস্কার ও আয়োজন বাবদ প্রতি জেলার জন্য ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) টাকা যথাসময়ে টাকা প্রেরণ করা হবে মর্মে জানানো হয়েছে।

এমতাবস্থায়, আগামী ২৭ সেপ্টেম্বর ২০২০ তারিখ বিশ্ব পর্যটন দিবস-এ রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্রের ছায়াছবি এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্ত: ০২ (দুই) কপি।

সহকারী কমিশনার,
শিক্ষা ও আইসিটি শাখা,
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।

মো: খাইবুল ইসলাম
সহকারী কমিশনার
সাধারণ শাখা
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।

ইউ.ও নোট নং-০৫.৪১.২৬০০.০০৯.১৬.০০১.২০-২৫৭ (সহ)

তারিখ: ১৩ সেপ্টেম্বর ২০২০